

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪০২

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ (২১) পবিত্রতা অর্জন করা [পেশাব-পায়খানা করার পর ওয়ু করতে চাইলে শৌচকার্য করা প্রসঙ্গে]

21 _ بَابُ الِاسْتِطَابَةِ (ذِكْرُ الِاسْتِنْجَاءِ لِلْمُحْدِثِ إِذَا أَرَادَ الْوُضُوءَ)

আরবী

1402 ـ أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِبُسْتَ حَدَّثَنَا عُبَيْدُ بْنُ آدَمَ بْنِ أَبِي إِيَاسٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْخَلَاءَ فَأَتَيْتُهُ بِمَاءٍ فِي تَوْرٍ أَقْ رَكُوةٍ فَاسْتَنْجَى بِهِ وَمَسَحَ يَدَهُ الْيُسْرَى عَلَى الْأَرْضِ فَغَسَلَهَا ثُمَّ أَتَيْتُهُ بِإِنَاءٍ فتوضأ. للراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1402 ا خلاصة حكم المحدث: حسن.

বাংলা

১৪০২. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাজত সারার জন্য গমন করলে আমি একটি থলে বা পাত্রে পানি নিয়ে তাঁর কাছে আসি, অতঃপর তিনি তার দ্বারা শৌচকার্য সম্পন্ন করেন, তিনি বাম হাত জমিনে (ঘষলেন) স্পর্শ করেন এবং তা ধৌত করেন। তারপর আমি তাঁর কাছে পানির পাত্র নিয়ে আসি অতঃপর তিনি ওয় করেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩১১; আবূ দাউদ: ৪৫; নাসাঈ: ১/৪৫; ইবনু মাজাহ: ৩৫৮; সুনান বাইহাকী: ১/১০৬-১০৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৯৬; দারেমী: ১/১৭৩; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৫।)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন